

বাংলাদেশ



গেজেট

জাতিরত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৯, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

প্রজ্ঞাপন

ঢাকা, ২৩শে জুলাই, ১৩৯৮/৮ই সেপ্টেম্বর, ১৯৯১

এস, আর, ও, নং ২৭৩-আইন-বিবিধ-২১/৯০ (রাজ-৪)/১০০৩—যেহেতু সরকার আগামী ১১ই সেপ্টেম্বর, ১৯৯১ তারিখে অনুষ্ঠিতব্য জাতীয় সংসদের শূন্য ঘোষিত ১১টি আসনে উপ-নির্বাচন এবং ১৫ই সেপ্টেম্বর, ১৯৯১ তারিখে অনুষ্ঠিতব্য গণভোট অনুষ্ঠান-কালে শান্তি-শৃংখলা বজায় রাখার লক্ষ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের অস্ত্রসহ ঘরের বাহিরে চলাফেরা করার উপর জনস্বার্থে নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন মনে করে ;

সেহেতু Arms Act, 1878 (XI of 1878) এর section 17 A তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৮ই সেপ্টেম্বর, ১৯৯১ তারিখ পূর্বসূত্র সারা দেশের লাইসেন্সধারী অস্ত্র মালিকদের অস্ত্রসহ ঘরের বাহিরে চলাফেরার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, ইব্রাহিম আলী

উপ-সচিব (রাজনৈতিক)।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৮৪১৯)

মূল্য : টাকা ১.০০